34

তারিখ ... 31 JUL 1997 ... ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ......

দৈনিক ইনকিলাব

# সূর্যসেন হল খালি করে দেয়া হয়েছে ঃ পরিচয়পত্র দেখে আজ ওঠানো হবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ছাত্রদল-ছাত্রলীগ সমঝোতা চুক্তি অনুযায়ী গতকাল এক দিনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হল থেকে সকল ছাত্রকে বের করে হল খালি করে দেয়া হয়েছে। আজ সকাল ১০টায় হলের ছাত্রদের পরিচয়পত্র দেখে হলে প্রবেশ করানো হবে। মুজিববাদী ছাত্রলীগ কর্তৃক সূর্যসেন হল দখলের পর সৃষ্ট পরিস্থিতি নিরসনে ছাত্রদল-ছাত্রলীগ সমঝোতা চুক্তি অনুযায়ী গতকাল সকালে সকল ছাত্রকে হল থেকে বের করে দেয়া হয়। নির্ধারিত সময়ে বেশীর ভাগ ছাত্র তাদের কক্ষ বন্ধ করে হল থেকে বের হয়ে যায়। হলের প্রভোস্ট, হাউজ টিউটরগণ, ছাত্রদল সভাপতি শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি, সাধারণ সম্পাদক হাবিবুন্নবী

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## সূর্যসেন হল

প্রথম পৃষ্ঠার পর

সোহেল, বিশ্ববিদ্যালয় শাখার আহবায়ক নাসিরুদ্দীন অসীম, যুগ্ম আহবায়ক সেলিমুজ্জামান সেলিম, ছাত্রলীগ সভাপতি এনামুল হক শামীম, সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্না, বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক আবদুল ওয়াদুদ খোকন প্রমুখ নেতৃবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন। ছাত্ররা বেরিয়ে যাবার পর বেলা ১১টায় তারা পুলিশ নিয়ে হলের সকল ফ্লোর তল্লাশি করেন। সন্দেহভাজন কিছু কক্ষ তালা ভেঙ্গে তল্লাশি করা হয় এবং পরে সীলগালা করে দেয়া হয়। এর পর হলের প্রধান গেট তালা মেরে সীলগালা করে দেয়া হয়। ছাত্রদল ও ছাত্রলীগ কর্মীরা হল এলাকা ছেড়ে যায় এবং পুলিশী প্রহরা বজায় থাকে। আজ সকাল ১০টায় হলের ছাত্রদের পরিচয়পত্র দেখে হলে উঠানো হবে এবং সমঝোতা চুক্তি অনুযায়ী অন্য হলের ছাত্রদলের ২০ জন কর্মীও এ হলে উঠবে। এদিকে ছাত্রলীগ সভাপতি ও সাধারণ সম্পাদক এক বিবৃতিতে বলেছেন, সমঝোতা চুক্তিতে ছাত্রলীগ কর্তৃক সূর্যসেন হলে জিয়াউর রহমানের ছবি এঁকে দেবার কোন সিদ্ধান্ত হয়নি, তবে বিষয়টি নিয়ে আলোচনা হয়েছে।